



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
অভ্যন্তরীণ প্রশিক্ষণ-১ শাখা  
[www.mopa.gov.bd](http://www.mopa.gov.bd)

স্মারক নং-০৫.০০.০০০০.২০০.১২.০০৫.২০-১৬৭

তারিখ: ২৩ কার্তিক ১৪২৭  
০৮ নভেম্বর ২০২০


### বিজ্ঞপ্তি

বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি), সাভার, ঢাকায় আগামী ০৬/১২/২০২০ হতে ১৯/০১/২০২১ তারিখ মেয়াদে সরকারের যুগ্মসচিব ও সমপদমর্যাদার কর্মকর্তাগণের জন্য ৯৬তম সিনিয়র স্টাফ কোর্স (এসএসসি) পরিচালিত হবে। উক্ত কোর্সে অংশগ্রহণে আগ্রহী কর্মকর্তাগণকে সংযুক্ত আবেদনপত্র ছক পূরণপূর্বক আগামী ১৯/১১/২০২০ তারিখ (বৃহস্পতিবার) বিকাল ৫.০০ টার মধ্যে অভ্যন্তরীণ প্রশিক্ষণ-১ শাখায় (সফট কপি-it1@mopa.gov.bd-এই মেইলে) প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

#### শর্তাবলী:

- স্বাস্থ্য বিধি মেনে সামাজিক দূরত্ব বজায় রেখে বিপিএটিসি কর্তৃক কোর্সটি পরিচালিত হবে;
- জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি) এর অনুকূলে সংশ্লিষ্ট প্রশিক্ষণ খাতে বরাদ্দকৃত অর্থ হতে মনোনীত কর্মকর্তাগণের কোর্স ফি এবং এ প্রশিক্ষণ বাবদ অন্যান্য ব্যয় নির্বাহ করা হবে;
- কোর্স শুরুর তারিখে অনূর্ধ্ব ৫৬ বছর বয়সী কর্মকর্তাগণ কোর্সে অংশগ্রহণের জন্য আবেদন করতে পারবেন;
- আবেদনপত্র ছকের নির্ধারিত স্থানে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন/সুপারিশ অবশ্যই থাকতে হবে। চূড়ান্ত মনোনয়নের পর কোনক্রমেই কোর্স হতে অব্যাহতির আবেদন গ্রহণযোগ্য হবে না;
- নির্ধারিত ছকে আবেদনপত্র প্রাপ্তির পর চূড়ান্ত মনোনয়নের তালিকা জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইটে যথাসময়ে প্রকাশ করা হবে।

সংযুক্তি: ছক ০১ পাতা


  
০৬/১১/২০২০  
(মো: আবদুর রউফ মিয়া)  
উপসচিব  
ফোন: +৮৮ ০২ ৯৫১৫৫২৫  
ই-মেইল: it1@mopa.gov.bd

স্মারক নং-০৫.০০.০০০০.২০০.১৫.০০৫.২০-১৬৭/১(০৭)

তারিখ: ২৩ কার্তিক ১৪২৭  
০৮ নভেম্বর ২০২০

#### অনুলিপি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। সিনিয়র সচিব/সচিব.....(অধীনস্থ সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।
- ০২। পরিচালক (পিপিআর), বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সাভার, ঢাকা।
- ০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৪। সিনিয়র সিস্টেমস এনালিস্ট, পিএসসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (বিজ্ঞপ্তি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৫। অতিরিক্ত সচিব (সিপিটি)-এর ব্যক্তিগত কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয় [অতিরিক্ত সচিব (সিপিটি) মহোদয়ের সদয় অবগতির জন্য]।

  
০৬/১১/২০২০  
(মো: আবদুর রউফ মিয়া)  
উপসচিব


সিনিয়র স্টাফ কোর্স (এসএসসি)-এ আবেদনের জন্য নির্ধারিত ছক

১.	কর্মকর্তার নাম:	
	বাংলায়	:
	ইংরেজিতে (বড় অক্ষরে)	:
২.	পরিচিতি নম্বর ও ব্যাচ	:
৩.	পদবি ও কর্মস্থল	:
৪.	জন্ম তারিখ	:
৫.	কোর্স শুরুর তারিখে বয়স	:
৬.	মোবাইল ও টেলিফোন নম্বর	:
৭.	ই-মেইল	:

আবেদনকারী কর্মকর্তার স্বাক্ষর ও সীল

আবেদনকারী কর্মকর্তাকে উল্লিখিত কোর্সে  
মনোনয়ন প্রদানের সুপারিশ করা হলো।

যথাযথ কর্তৃপক্ষের স্বাক্ষর ও সীল

  
৮/১১/২০২০